

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৪(আগরতলা, ০৮।০৩)
জিৱানীয়া, ০৮ মার্চ, ২০১৯

বৃদ্ধনগরে সেলাই মেশিন বিতরণ

পুরাতন আগরতলা ব্লকের বৃদ্ধনগর গ্রাম পঞ্চায়েতের মহিলা ও যুবতীদের স্বনির্ভরতার লক্ষ্যে সম্প্রতি গীতবিতান হলে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা হয়। বিধায়ক রতন চক্রবর্তীর উপস্থিতিতে ২৬ জন মহিলা ও যুবতীদের হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে বিধায়ক শ্রীচক্রবর্তী বলেন, বেকারদের স্বনির্ভরতার জন্য সরকার সবধরনের সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে। বেকারদের জন্য রাজ্যে নানা সহায়তা প্রকল্প, ঋণ ইত্যাদি সুবিধা চালু রয়েছে।
